

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 15-01-2025**  
**Time: 07:55-08:05 PM Hrs**  
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) রাজ্য বিধানসভার অধিবেশনে আজ অধ্যক্ষ, উপাধ্যক্ষ, মুখ্যমন্ত্রী, মন্ত্রী, মুখ্যসচেতক, বিরোধী দলেনতা ও বিধায়কদের বেতন ভাতা, পেনশন ও অন্যান্য সুবিধা সংক্রান্ত নবম সংশোধনী বিল সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।
- (২) ঘোড়শ অর্থ কমিশনের চেয়ারম্যানের নেতৃত্বে এক প্রতিনিধিদল তিনদিনের রাজ্য সফরে আগামী ২৯শে জানুয়ারী আগরতলায় আসছেন।
- (৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্ম সেনা দিবসে সেনাবাহিনীর কর্মী এবং প্রবীণদের শুভেচ্ছা জানিয়েছেন।
- (৪) প্রয়াগরাজে মহাকুণ্ডের আগামীকাল ১০টি দেশের ২১ জন সদস্য সঙ্গমে পবিত্র স্নান করবেন।

\*\*\*\*\*

**Assembly Bill Passed :**

রাজ্য বিধানসভা অধিবেশনে আজ অধ্যক্ষ, উপাধ্যক্ষ, মুখ্যমন্ত্রী, মন্ত্রী, মুখ্যসচেতক, বিরোধী দলেনতা ও বিধায়কদের বেতন ভাতা, পেনশন ও অন্যান্য সুবিধা সংক্রান্ত নবম সংশোধনী বিল সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। এর ফলে বেতন বৃদ্ধির ফলে মুখ্যমন্ত্রী প্রতিমাসে বেতন পাবেন ৯৭ হাজার টাকা। অধ্যক্ষ, মন্ত্রী, বিরোধী দলনেতা, সরকারী মুখ্য সচেতক বেতন পাবেন প্রতিমাসে ৯৫ হাজার টাকা করে। উপাধ্যক্ষ পাবেন ৯৪ হাজার টাকা ও

বিধায়করা বেতন পাবেন প্রতি মাসে ৯৩ হাজার টাকা। সেই সঙ্গে অন্যান্য ভাতাদির হারও বৃদ্ধি করা হয়েছে।

এই বিল গৃহিত হওয়ায় রাজ্য যে কোনও সময়ের জন্য বিধানসভার সদস্য হলেই তিনি পেনশনের উপরুক্ত হবেন বলে সংস্থান রাখা হয়েছে। বিধায়কদের পেনশনের হার বেড়ে দাঁড়িয়েছে প্রতি মাসে ৬৬ হাজার টাকা। পারিবারিক পেনশন প্রতি মাসে বেড়ে হবে ৪৮ হাজার টাকা।

বিধানসভায় আজ বিভিন্ন দোকান ও ব্যবসায়ীক প্রতিষ্ঠানে কর্মরত মহিলা ও তরুণ অংশের শ্রমিকদের কাজের সময়সীমা বেঁধে দেওয়া সংক্রান্ত The Tripura Shops and Establishments এর ষষ্ঠ সংশোধনী সংক্রান্ত বিল গৃহিত হয়।

\*\*\*\*\*

#### **Assembly-Fixed Pay :**

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় আজ বিধানসভায় সাংবাদিকদের জানান, ষোড়শ অর্থ কমিশনের চেয়ারম্যান অরবিন্দ পানাগড়িয়ার নেতৃত্বে এক প্রতিনিধিদল তিনদিনের জন্য রাজ্য সফরের উদ্দেশ্যে আগামী ২৯শে জানুয়ারী আগরতলায় আসছেন। তিনি বিধানসভায় সাংবাদিকদের জানান, রাজ্য সরকার ২০১৮ সাল থেকে এ পর্যন্ত প্রায় ১৪ হাজার নিয়মিত পদে চাকরি দিয়েছে। আরো প্রায় ১৬ হাজার পদে চাকরি দেবার উদ্যোগ নেওয়া হয়েছে। এর মধ্যে পুলিশ, শিক্ষা ও স্বাস্থ্য দপ্তরে সবচেয়ে বেশি সংখ্যক পদে চাকরির সুযোগ রয়েছে।

\*\*\*\*\*

#### **Khejur Ros :**

সোনামুড়ার খেজুর রস, সুস্বাদু লালি আর নলেন গুড় বিখ্যাত। একসময় সোনামুড়ার লালি আর নলেন গুড়ের বড়ো অবদান থাকতো গ্রামীণ অর্থনীতিতে। সময়ের গতির প্রভাবে প্রভাব হ্রাস

হলেও - এখনো সমান স্বাদ নিয়ে জনপ্রিয় সোনামুড়ার খেজুরের রস ও লালি। এ নিয়ে আমাদের জেলা প্রতিনিধির একটি প্রতিবেদন।

#####Byte/VCap#####

\*\*\*\*\*

#### **Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ১৯শে জানুয়ারী রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১১৮তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিত্তি চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my govt open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

\*\*\*\*\*

#### **Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে। আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ড্রিউ. ড্রিউ। ড্রিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা /

ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে  
আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

#### **President :**

রাষ্ট্রপতি দ্বৌপদী মুর্ম সেনা দিবসে সেনাবাহিনীর কর্মী এবং  
প্রবীণদের শুভেচ্ছা জানিয়েছেন। এক বার্তায় রাষ্ট্রপতি জাতীয়  
নিরাপত্তা নিশ্চিত করতে সেনাবাহিনীর অগ্রণী ভূমিকার কথা তুলে  
ধরেন। রাষ্ট্রপতি বলেন যে সৈন্যরা দেশের উন্নতি ও সমৃদ্ধির  
জন্য একটি শান্তিপূর্ণ পরিবেশ তৈরিতে অবদান রাখেন। তিনি  
সেনাবাহিনীর সাহসিকতার প্রশংসা করে বলেন, তারা  
ধারাবাহিকভাবে আমাদের সীমান্ত রক্ষায় অসাধারণ সাহস এবং  
উচ্চমানের পেশাদারিত্ব প্রদর্শন করেছেন। তিনি আরও বলেন যে  
মাতৃভূমির সেবায় তারা যে অগণিত ত্যাগ স্বীকার করেছেন, দেশ  
কৃতজ্ঞতার সঙ্গে তা স্মরণ করে।

\*\*\*\*\*

#### **Army Day-PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ জোর দিয়ে বলেছেন যে ভারত  
সম্প্রসারণবাদ নয়, উন্নয়নের চেতনা নিয়ে কাজ করে। তিনি  
মন্তব্য করেন যে ভারত সর্বদা একটি উন্মুক্ত, নিরাপদ,  
অন্তর্ভুক্তিমূলক এবং সমৃদ্ধ ভারত - প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলকে  
সমর্থন করেছে। তিনি মুম্বাইয়ের নেভাল ডকইয়ার্ডে তিনটি যুদ্ধ  
জাহাজ, আইএনএস সুরাট, আইএনএস নীলগিরি এবং  
আইএনএস ভাঘশিরকে জাতির উদ্দেশ্যে উৎসর্গ করার পর  
সমাবেশে ভাষণ দিচ্ছিলেন। তিনি সেনাবাহিনী দিবস উপলক্ষ্যে  
বাহিনীর সমস্ত সদস্যদের শুভেচ্ছা জানান।

#####Byte#####

\*\*\*\*\*

#### **Army Day Greetings :**

চিফ অফ ডিফেন্স স্টাফ জেনারেল অনিল চৌহান সেনা দিবস উপলক্ষে সেনাবাহিনীর সমস্ত সদস্যকে অভিনন্দন জানিয়েছেন। এই উপলক্ষে এক বার্তায় তিনি বলেছেন, ভারতীয় সেনাবাহিনীর অধ্যবসায়, সাহস, অদম্য মানসিকতা এবং পেশাদার মনোভাবকে স্বীকৃতি দেওয়ার দিন আজ। দেশের নিরাপত্তা এবং অখণ্ডতা বজায় রাখার ক্ষেত্রে সেনাবাহিনী একটি প্রতিষ্ঠান হিসেবে অবিচলভাবে কর্তব্য পালন করছে। যে কোনও ধরনের সমস্যা মোকাবিলায়, দেশের সার্বভৌমত্ব রক্ষায় এবং নিঃস্বার্থভাবে দেশ সেবার ঐতিহ্য ভারতীয় সেনার রয়েছে। যে কোনও পরিস্থিতিতে দেশবাসীর সুরক্ষা নিশ্চিত করতে বাহিনীর সদস্যরা নিরলসভাবে কাজ করে থাকেন।

\*\*\*\*\*

#### **Mahakumbh :**

বিশাল এবং ঐশ্বরিক মহাকুণ্ড বিশ্বব্যাপী মনোযোগ আকর্ষণ করছে। এরই অংশ হিসেবে আগামীকাল ১০টি দেশের ২১ সদস্যের একটি প্রতিনিধি দল সঙ্গমে পবিত্র স্নান করবেন। পরবর্ত্তী মন্ত্রকের আমন্ত্রিত প্রতিনিধি দলটির আড়াইলের টেন্ট সিটিতে থাকার ব্যবস্থা করা হয়েছে। আজ প্রতিনিধি দলটি মহাকুণ্ড মেলা এলাকা পরিদর্শন করেন। আগামীকাল, আন্তর্জাতিক প্রতিনিধিরা ত্রিবেণী সঙ্গমে পবিত্র স্নান করবেন এবং হেলিকপ্টারে মহাকুণ্ড এলাকার দৃশ্য উপভোগ করবেন। আন্তর্জাতিক প্রতিনিধি দলে ফিজি, ফিনল্যান্ড, গায়ানা, মালয়েশিয়া, মরিশাস, সিঙ্গাপুর, দক্ষিণ আফ্রিকা, শ্রীলঙ্কা, ত্রিনিদাদ, টোবাগো এবং সংযুক্ত আরব আমিরশাহীর প্রতিনিধিরা রয়েছেন।

\*\*\*\*\*

#### **Spl. Programme-CBC :**

কেন্দ্রীয় সরকারের তথ্য ও সম্প্রচার মন্ত্রকের অধীন সেন্ট্রাল বুরো অফ কমিউনিকেশন, কৈলাশহর শাখার উদ্যোগে এক বিশেষ

কার্যক্রম আজ চন্দীপুর ব্লকের সমরূপাড় পঞ্চায়েতে অনুষ্ঠিত হয়। এখানে স্বচ্ছতা হি সেবা, এক পেড় মা কি নাম, নেশামুক্ত ভারত অভিযান, মিশন লাইফ ইত্যাদি বিষয়ে অনুষ্ঠিত হয় আলোচনাচক্র। এখানে বিষয়ভিত্তিক আলোচনায় অংশ নেন, চন্দীপুর পঞ্চায়েত সমিতির প্রান্তন ভাইস-চেয়ারম্যান সন্দীপ কুমৰী, চন্দীপুর ব্লকের B.D.O প্রসেনজিং মালাকার, ক্ষেত্রপ্রচার আধিকারিক এইচ,কে,চেঙ্গ প্রমুখ। উপস্থিত ছিলেন, উনকোটি জিলা পরিষদের সদস্য শ্যামল দশ প্রমুখ। এই উপলক্ষে পঞ্চায়েত কার্যালয় চতুরে বৃক্ষরোপণ, স্বচ্ছ ভারত অভিযানের অন্তর্গত সাফগাই অভিযান, কুয়াইজ ইত্যাদি অনুষ্ঠিত হয়।

\*\*\*\*\*

#### **BSF-South :**

১০৯ নম্বর সীমান্ত রক্ষী বাহিনীর উদ্যোগে আজ সাব্রহ্ম মহকুমার সীমান্ত গ্রাম করিমাটিলায় করমটিলা উচ্চ বিদ্যালয়ে স্বাস্থ্য শিবির এবং বিভিন্ন প্রয়োজনীয় সামগ্রী বিতরন করা হয়। বাহিনীর কমাডেন্ট সুরেশ সিং এই কর্মসূচীর উদ্বোধন করেন। সীমান্তবর্তী এলাকার মানুষদের সহযোগিতা ও ক্ষমতায়নের লক্ষ্যে এই নাগরিক কর্মসূচীর আয়োজন করা হয়। স্বাস্থ্য শিবিরে ১১৫ জনের স্বাস্থ্য পরীক্ষা করে প্রয়োজনীয় ঔষধ প্রদান করা হয়।

\*\*\*\*\*

#### **PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ বলেছেন যে ভারত একটি প্রাণবন্ত ভূমি এবং একটি প্রাণবন্ত সংস্কৃতি। তিনি আরো বলেন, আমাদের সংস্কৃতির চেতনা হলো আধ্যাত্মিকতা। তিনি আরও বলেন যে কেউ যদি ভারতকে বুঝতে চায় তবে তাদের প্রথমে আধ্যাত্মিকতাকে আত্মীকরণ করতে হবে। প্রধানমন্ত্রী নভি মুস্বাইয়ের খারঘরে ইসকনের শ্রী শ্রী রাধা মদনমোহনজি মন্দির উদ্বোধনের পর বক্তব্য রাখছিলেন। তিনি বলেন, আমাদের আধ্যাত্মিক সংস্কৃতির

ভিত্তি হচ্ছে মানবতার সেবার চেতনা। তিনি আরো বলেন যে এই চেতনার সাথে সামঞ্জস্য রেখে, কেন্দ্রীয় সরকার আয়ুষ্মান ভারত, হর ঘর জল এবং উজ্জ্বলা ঘোজনার মতো সামাজিক কল্যাণ প্রকল্পগুলি বাস্তবায়ন করেছে। নয় একর জুড়ে বিস্তৃত এই মন্দির প্রকল্পের মধ্যে রয়েছে বেশ কয়েকটি দেবতার মন্দির, একটি বৈদিক শিক্ষা কেন্দ্র, প্রস্তাবিত জাদুঘর এবং অডিটোরিয়াম ও নিরাময় কেন্দ্র।

অনুষ্ঠানে মহারাষ্ট্রের রাজ্যপাল সিপি রাধাকৃষ্ণন, মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবিশ এবং ডেপুটি সিএম একনাথ শিংডে উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

#### **Weather :**

আগামীকাল আকাশ পরিষ্কার থাকবে। সকালে হালকা কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ২৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন বারো ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৭.৪ ডিগ্রী এবং সর্বনিম্ন ১১.৮ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*